EGLE মিশিগান ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট, গ্রেট লেকস, অ্যান্ড এনার্জি
ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশন

কার্যক্রমের সারসংক্ষেপ

US ইকোলোজি ডেট্রয়েট সাউথ **(USE-DS)** যার অপর নাম **EQ** ডেট্রয়েট **ইনকর্পোরেটেড**

সারসংক্ষেপ

মিশিগান ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট, গ্রেট লেকস, অ্যান্ড এনার্জি (EGLE)-র ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশন (MMD) ডেট্রয়েট, মিশিগানের 1923 Frederick Street ঠিকানায় (সাইট) পরিচালিত বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনার লাইসেন্স নবায়নের একটি আবেদনপত্র (Application) পেয়েছে। বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের ক্ষেত্রে প্রতি দশ বছর অন্তর লাইসেন্স নবায়ন প্রক্রিয়া আবশ্যক হয়। নবায়ন প্রক্রিয়াটি EGLE-কে সাইটের তথ্য আপডেট করার, কার্যক্রম পর্যালোচনা করার, এবং লাইসেন্স উন্নত করার একটি সুযোগ দেয়। এছাড়াও লাইসেন্স নবায়ন প্রক্রিয়াটি EGLE-কে লাইসেন্সের শর্তাবলি সুস্পষ্টভাবে জানিয়ে দেয়া, লাইসেন্সটি এবং এটি কমিউনিটিকে যে সুরক্ষা দেয় তা সমৃদ্ধ করার একটি সুযোগ দেয়। EGLE বর্তমানে USE-DS সাইটের আবেদনটি পর্যালোচনা করছে। এনভায়রনমেন্টাল কোয়ালিটি কোম্পানি (EQ ডেট্রয়েট ইনকর্পোরেটেড), যা পরবর্তীতে US ইকোলজির অধিগ্রহণে চলে যায়, 10 সেপ্টেম্বর, 2008 তারিখে আবেদনটি জমা দেয়।

এই আবেদনে সাইটের ফুটপ্রিন্ট বৃদ্ধি, অথবা সর্বোচ্চ ধারণক্ষমতা অথবা যেসব বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা করা হয় সেগুলোর ধরন বাড়ানোর বিষয়ে কোনো প্রস্তাব দেয়া হয়নি। EGLE 14 সেপ্টেম্বর, 2012 তারিখে আবেদনটি প্রশাসনিকভাবে সম্পূর্ণ বলে নির্ধারণ করে আবেদনটির প্রযুক্তিগত পর্যালোচনা শুরু করে। প্রযুক্তিগত পর্যালোচনা করার কারণ হলো সাইটের কার্যক্রম জাতীয় সম্পদ ও পরিবেশ সুরক্ষা আইন, 1994 PA 451-র বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা, অংশ 111-এর অধীন বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বিধিমালা, এবং প্রশাসনিক বিধিমালা অনুযায়ী পরিচালিত হয় কিনা তা নিরূপণ করা। 30 সেপ্টেম্বর, 2017 তারিখে EGLE ঘাটতির বিষয়ে একটি প্রযুক্তিগত বিজ্ঞপ্তি জারি করে, এবং USE-DS ঘাটতিসমূহ পূরণের কথা উল্লেখ করে এবং অতিরিক্ত তথ্য দিয়ে আবেদনটি একাধিকবার সংশোধন করে জমা দিয়েছে। সর্বশেষ সংশোধিত আবেদনটি 25 সেপ্টেম্বর, 2020 তারিখে জমা দেওয়া হয়, এবং এতে একটি পুনর্লিখিত বর্জ্য বিশ্লেষণ পরিকল্পনা অন্তর্ভুক্ত ছিল।

নবায়ন করা হলে নতুন লাইসেন্সটি দশ বছরের জন্য কার্যকর থাকবে, এবং USE-DS-র জন্য এই দশ বছর সময়কাল শেষ হওয়ার আগে আরেকবার নবায়নের আবেদন জমা দেয়া আবশ্যক হবে। EGLE-র পর্যালোচনাটি আবেদন; সাইট পরিদর্শন ও নিরীক্ষা; এবং বিপজ্জনক বর্জ্য বিধিমালার অধীনে বিবেচ্য হতে পারে এমন কমিউনিটির মতামতের ভিত্তিতে সম্পন্ন করা হবে। লাইসেন্স পুনরায় ইস্যু করার জন্য EGLE-র পর্যালোচনায় অবশ্যই নিম্নলিখিত সিদ্ধান্তে পৌঁছতে হবে:

A. আবেদনটিতে EGLE–র জন্য সাইটটি এবং মানুষের স্বাস্থ্য ও পরিবেশের উপর এটির প্রভাব মূল্যায়নের জন্য পর্যাপ্ত বিশদ তথ্য আছে।

B. সাইটটি বিপজ্জনক বর্জ্য সংক্রান্ত বিধিমালার অধীন সমস্ত প্রযুক্তিগত নকশা, নির্মাণ ও পরিচালনা সংক্রান্ত মানদণ্ড পূরণ করে।

C. সাইটটি মানুষের স্বাস্থ্য ও পরিবেশের জন্য বিপজ্জনক নয় বলে EGLE পরিদর্শনে নির্ণীত হয়েছে এবং এটি প্রযোজ্য পরিবেশ সংক্রান্ত বিধিমালা, যেমন পারিপার্শ্বিক বায়ু তদারকি এবং নির্গত বর্জ্য তদারকি সংক্রান্ত আবশ্যিকতা ও সীমাসমূহ, ইত্যাদি মেনে চলে।

D. লাইসেন্সটিতে নিরাপদ ও যথাযথ বর্জ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার অপরিহার্য সকল শর্ত অন্তর্ভুক্ত আছে। উদাহরণস্বরূপ, এর মধ্যে বর্জ্যের শ্রেণিবিন্যাস করা, সংরক্ষণ, ব্যবস্থাপনা, প্রশিক্ষণ, জরুরি পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা, পরিবেশগত নজরদারি, এবং রেকর্ড সংরক্ষণ করার শর্তাবলি অন্তর্ভুক্ত থাকবে।

E. USE-DS সাইটটির জন্য আবশ্যক সব বাধ্যতামূলক সরকারি অনুমোদন ও অনুমতি সংগ্রহ করেছে এবং বজায় রাখছে, এবং যে কোনো নবায়নকৃত লাইসেন্সের ক্ষেত্রে সেগুলো বজায় রাখা বাধ্যতামূলক। উদাহরণস্বরূপ, এর মধ্যে বিল্ডিংয়ের ধারণক্ষমতা এবং অগ্নি নির্বাপন বা ফায়ার সাপ্রেশন সিস্টেমের বিষয়ে ফায়ার মার্শালের অনুমোদন অন্তর্ভুক্ত থাকবে।

F. প্রকাশ্য মন্তব্য প্রদানের একটি সময়কাল ছিল এবং একটি আনুষ্ঠানিক প্রকাশ্য শুনানি সম্পন্ন করা হয়েছে, এবং আবেদন সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রাপ্ত মন্তব্যগুলো বিবেচনা করা হয়েছে।

সাইটের বিবরণ

USE-DS 1923 ফ্রেডরিক স্ট্রিট, ডেট্রয়েট, মিশিগান, I-75 ও I-94 ফ্রি-ওয়ের ইন্টারসেকশনে অবস্থিত। এই সাইটটি ভারী শিল্পখাতের ব্যবহারের জন্য নির্ধারিত, এবং আশপাশের অঞ্চলগুলো শিল্পখাত, বাণিজ্যিক, ও আবাসিক অঞ্চল হিসেবে ব্যবহারের জন্য নির্ধারিত। সাইটটি পুরোপুরি বেড়া দেওয়া। কাছাকাছি কোনো হ্রদ বা স্রোতধারা নেই, এবং এই সাইটটি ডেট্রয়েট নদীর ড্রেনেজ বেসিনে অবস্থিত।

সাইটের ইতিহাস

এই সাইটে 1984 সাল থেকে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চলে আসছে, যার আগে সম্পত্তিটি রেন্ডারিং এবং তার উৎপাদনের জন্য ব্যবহৃত হতো। সাইটিটির মালিকানা বহুবার পরিবর্তিত হয়েছে। সাইটটি সর্বপ্রথম 1990 সালে লাইসেন্স করা হয়েছিল। 2003 সালে US লিক্যুইডস বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার লাইসেন্স পেয়েছিল। 2004 সালে এই লাইসেন্স EQ ডেট্রয়েট ইনকর্পোরেটেড–এর কাছে যায়। পরবর্তীতে 2014 সালে US ইকোলজি EQ ডেট্রয়েট ইনকর্পোরেটেড অধিগ্রহণ করে। 2014 সাল থেকে সাইটটি US ইকোলজির পরিচালনা ও মালিকানার নিয়ন্ত্রণে আছে।

বর্তমান লাইসেন্সটি 13 ডিসেম্বর, 2003 তারিখে (লাইসেন্স) ইস্যু করা হয় যার মেয়াদ শেষ হওয়ার কথা ছিল 12 ডিসেম্বর, 2008 তারিখ। 10 সেপ্টেম্বর 2008 তারিখে সময়মতো একটি আবেদন জমা দেয়া হয়েছিল, যা USE-DS-কে আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার আগ পর্যন্ত লাইসেন্সটির অধীনে কার্যক্রম চালিয়ে যাওয়ার সুযোগ করে দেয়।

বিদ্যমান সাইট নকশা ও কার্যক্রম

এই লাইসেন্স মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে কোনো বিপজ্জনক বর্জ্য নিঃসরণ করা প্রতিরোধের জন্য দেয়া হয়েছে।

USE-DS বৈশিষ্ট্যমূলক (দাহ্য, বিষাক্ত, ক্ষয়কারী এবং/অথবা প্রতিক্রিয়াশীল) ও তালিকাভুক্ত বিপজ্জনক বর্জ্য এবং অ-বিপজ্জনক বর্জ্য উভয়ই সংরক্ষণ ও ব্যবস্থাপনা করে থাকে। অসঙ্গতিপূর্ণ বর্জ্যগুলো লাইসেন্সকৃত স্টোরেজ এরিয়ার মধ্যে পৃথক করা আবশ্যক। USE-DS-র বর্তমান সংরক্ষণ ও ব্যবস্থাপনা ইউনিটগুলোর বর্তমান কার্যক্রমে মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে দূষণ সৃষ্টিকারী পদার্থ নিঃসরণ করার কোনো প্রমাণ পাওয়া যায়নি।

USE-DS যখন লাইসেন্সকৃত অঞ্চলে বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা বা সংরক্ষণ করা বন্ধ করে দিবে, তখন তাদের লাইসেন্স অনুযায়ী USE-DS-র জন্য EGLE-র পর্যালোচনা ও অনুমোদন নিয়ে নিশ্চিত করা আবশ্যক হবে যে দূষণ সৃষ্টিকারী পদার্থ নিঃসরণ করার কোনো ঘটনা ঘটেনি। যদি দূষণ সৃষ্টিকারী পদার্থ পাওয়া যায়, তাহলে এই লাইসেন্স অনুযায়ী USE-DS-র জন্য শনাক্তকৃত অঞ্চলগুলো পরিষ্কার করার জন্য সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক হবে।

USE-DS-র বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা ও সংরক্ষণের জন্য দুইটি প্রধান ভবন লাইসেন্স করা আছে, এবং আরও কয়েকটি ভবন বিপজ্জনক বর্জ্য সংরক্ষণের জন্য লাইসেন্স করা আছে।

প্রধান ব্যবস্থাপনা ভবন



প্রধান ব্যবস্থাপনা ভবন ভারী ধাতু, তৈলাক্ত নরম কাদা, এসিড এবং তৈলাক্ত বর্জ্যযুক্ত বিপজ্জনক এবং অ-বিপজ্জনক বর্জ্য পানি গ্রহণ করে এবং প্রক্রিয়া করে থাকে। সংরক্ষণ ও ব্যবস্থাপনার কাজ ভূমির উপরের ইস্পাত, ফাইবার গ্লাস, অথবা পলিইথিলিনের তৈরি লাইসেন্সকৃত ট্যাংকে সম্পন্ন করা হয়। এই ভবনে করা বর্জ্য ব্যবস্থাপনার ধরনগুলোর মধ্যে রয়েছে ধাতুর অধঃক্ষেপণ, ক্ষয়কারী বর্জ্য প্রশমিতকরণ, এবং একটি ফিল্টার প্রেস ব্যবহার করে তৈলাক্ত কাদা থেকে কঠিন ও তরল পদার্থ পৃথকীকরণ। ক্ষয়কারী বর্জ্যগুলো ভবনের নির্ধারিত অংশে পৃথকভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা হয়। বিপজ্জনক বর্জ্য রাখার ট্যাংকগুলোতে উচ্চ মাত্রার ওভারফ্লো অ্যালার্ম লাগানো আছে। এছাড়াও এই ভবনে বর্জ্য ব্যবস্থাপনা প্রক্রিয়ায় ব্যবহৃত কাঁচামালের ট্যাংক আছে। প্রধান ব্যবস্থাপনা ভবনে সুনির্দিষ্ট কিছু অঞ্চল রয়েছে যেগুলো কন্টেইনারে বর্জ্য সংরক্ষণের জন্য লাইসেন্সকৃত। ভবনটি এমনভাবে নকশা করা হয়েছে যেন দুর্ঘটনাক্রমে বিপজ্জনক বর্জ্য রাখার ট্যাংক বা কন্টেইনার থেকে বর্জ্য উপচে পড়লে তা মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে নিঃসৃত না হয়। ক্ষয় অথবা অনুপ্রবেশ প্রতিরোধে ঢালু ও বাঁধ দেয়া কংক্রিটের মেঝেতে ইপোক্সির প্রলেপ দিয়ে অথবা অন্যান্য রাসায়নিক ব্যবহার করে দ্বিতীয় ধাপে নিয়ন্ত্রণের মাধ্যমে এটি সম্পন্ন করা হয়। এই নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় ছিটকে পড়া যে কোনো বর্জ্য সংগ্রহের জন্য নির্ধারিত মেঝের নালা ও খাদের দিকে সেগুলোকে নিয়ে যাওয়া হয়। প্রধান ব্যবস্থাপনা ভবনের দক্ষিণ পাশে USE-DS-র একটি অন-সাইট ল্যাবরেটরি আছে। প্রধান ব্যবস্থাপনা ভবনে অন-সাইট বর্জ্য ব্যবস্থাপনার পর বর্জ্য পানিগুলো অধিকতর ব্যবস্থাপনার জন্য গ্রেট লেক ওয়াটার অথোরিটি (GLWA)-র নর্দমা ব্যবস্থায় খালাস করা হয়।

রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবন

রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনে স্থিতিশীলকরণের মতো বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি ব্যবহার করে বিপজ্জনক ও অ-বিপজ্জনক বর্জ্য গ্রহণ ও প্রক্রিয়া করা হয়। স্থিতিশীলকরণ বর্জ্য পদার্থগুলোর পানিতে নির্গত হওয়ার ক্ষমতা কমিয়ে দেয় এবং অনুমোদিত জমিতে বর্জ্যগুলো নিরাপদে নিষ্কাশন করার সুযোগ করে দেয়। এটি বর্জ্যগুলোকে স্থিতিশীলকারী বিক্রিয়ক পদার্থের সঙ্গে মিশ্রিত করার মাধ্যমে সম্পন্ন হয় যেগুলো সিমেন্টের মতো প্রতিক্রিয়া দেখায়। রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনের অভ্যন্তরে অনুমোদনপ্রাপ্ত ভূমিতে রাখা আয়তাকার, ইস্পাতের ভল্টে বর্জ্য ব্যবস্থাপনা সম্পন্ন করা হয়। এই ভল্টগুলোর চারপাশে কংক্রিটের কাঠামো দিয়ে বন্ধ করা থাকে যা ইস্পাতের ভল্টগুলো বর্জ্য ধরে রাখতে ব্যর্থ হলে সেক্ষেত্রে বর্জ্যগুলো মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে নিঃসৃত হওয়া রোধ করবে। রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনেও কিছু অঞ্চল রয়েছে যেগুলো কন্টেইনারে বর্জ্য সংরক্ষণের জন্য লাইসেন্সকৃত। অসঙ্গতিপূর্ণ বর্জ্যগুলো পৃথক অঞ্চলে সংরক্ষণ করা হয়। ভবনের কংক্রিটের মেঝে একাধিক সংগ্রাহক খাদের দিকে ঢালু করা থাকে, যাতে দুর্ঘটনাবশত কন্টেইনার থেকে বর্জ্য ছলকে পড়ার ঘটনা ঘটলেও যেন সেটি সাইটের মধ্যে সীমাবদ্ধ থাকে এবং মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে নিঃসৃত না হয়।

বর্জ্য ব্যবস্থাপনার অতিরিক্ত গুরুত্বপূর্ণ অঞ্চলসমূহ

- **কন্টেইনার সংরক্ষণ ও বসানোর অঞ্চল:** কন্টেইনার সংরক্ষণ ও বসানোর অঞ্চলগুলো রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনের পূর্বদিকে অবস্থিত এবং কন্টেইনারে বিপজ্জনক বর্জ্য সংরক্ষণের জন্য লাইসেন্সকৃত। দুর্ঘটনাবশত বর্জ্য ছলকে পড়ার ঘটনায় তা মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে নিঃসৃত হওয়া রোধ করার উদ্দেশ্যে এই অঞ্চলগুলো ইপোক্সির প্রলেপ দেওয়া বাঁধযুক্ত ও ঢালু কংক্রিটের মেঝে এবং বিচ্ছিন্ন খাদ সহ দ্বিতীয় ধাপে নিয়ন্ত্রণের ব্যবস্থাযুক্ত আবদ্ধ ভবনগুলোর অভ্যন্তরে অবস্থিত।

- **উত্তর পাশের কন্টেইনার সংরক্ষণ প্যাড**: উত্তর পাশের কন্টেইনার সংরক্ষণ প্যাডটি রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনের উত্তর পাশে অবস্থিত এবং কন্টেইনারে বিপজ্জনক বর্জ্য সংরক্ষণের জন্য লাইসেন্সকৃত। কন্টেইনারগুলো রাসায়নিক পদার্থের প্রলেপ দেওয়া বাঁধযুক্ত ও ঢালু কংক্রিটের মেঝে এবং বিচ্ছিন্ন খাদসহ দ্বিতীয় ধাপে নিয়ন্ত্রণের ব্যবস্থাযুক্ত অঞ্চলে সংরক্ষণ করা হয়।

- **ল্যাব ডি-প্যাক অঞ্চল:** ল্যাব ডি-প্যাক অঞ্চলটি সাইটের উত্তর-পূর্ব কোণে অবস্থিত এবং বিপজ্জনক বর্জ্যের ল্যাব প্যাকগুলো সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য লাইসেন্সকৃত। এই অঞ্চলটি ইপোক্সির প্রলেপ দেওয়া বাঁধযুক্ত ও ঢালু কংক্রিটের মেঝে এবং বিচ্ছিন্ন খাদসহ দ্বিতীয় ধাপে নিয়ন্ত্রণের ব্যবস্থাযুক্ত একটি আবদ্ধ ভবনের অভ্যন্তরে অবস্থিত।

- **রেল অঞ্চল:** রেল অঞ্চলটি সাইটের পশ্চিম সীমান্তের পাশে অবস্থিত এবং রেল গাড়ির মাধ্যমে বিপজ্জনক বর্জ্যের চালান গ্রহণ ও সংরক্ষণ করার জন্য লাইসেন্সকৃত। দুর্ঘটনাবশত বর্জ্য ছলকে পড়ার ঘটনায় তা মাটিতে অথবা ভূগর্ভস্থ পানিতে নিঃসৃত হওয়া রোধ করার উদ্দেশ্যে রেল ট্র্যাকের নিচের মাটি খনন করা হয়েছে এবং PVC লাইনার দিয়ে প্রতিস্থাপন করা হয়েছে, যা পাথর এবং একটি সংগ্রাহক সিস্টেম দিয়ে ঢাকা হয়েছে।

- **স্থানান্তর ও প্রক্রিয়াকরণ অঞ্চল: স্থানান্তর ও প্রক্রিয়াকরণ অঞ্চল সাইটের উত্তর-পূর্ব কোণায় অবস্থিত। এই অঞ্চলটি স্বল্প-মেয়াদে (১০ দিনের কম) বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ করার জন্য অনুমোদনপ্রাপ্ত এবং বিপজ্জনক বর্জ্য স্থানান্তর বিধিমালার অধীনে একটি পৃথক স্থানান্তর সাইট হিসেবে EGLE কর্তৃক নিয়ন্ত্রিত।**

- **প্রক্রিয়াকরণ ভবন এবং ব্যবহৃত তেলের ট্যাংক: প্রক্রিয়াকরণ ভবন এবং ব্যবহৃত তেলের ট্যাংকগুলো প্রধান ব্যবস্থাপনা ভবন এবং রাসায়নিক পদার্থ স্থিতিশীলকরণ ভবনের মাঝখানে অবস্থিত। এই অঞ্চলটি অ-বিপজ্জনক বর্জ্য যেমন ব্যবহৃত তেলের ব্যবস্থাপনার জন্য ব্যবহৃত হয় এবং মিশিগানের শিল্পখাতের**

তরল উপজাত আইনের অধীনে EGLE কর্তৃক পৃথকভাবে নিয়ন্ত্রিত হয়।

ট্যাংক ও কন্টেইনারগুলোর অঞ্চলে ঘটা বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা ও সংরক্ষণ অবশ্যই সুস্পষ্টভাবে অনুমোদনপ্রাপ্ত হতে হবে, যেখানে লাইসেন্সে যেভাবে নির্ধারিত আছে সেভাবে ট্যাংক ও কন্টেইনারের অঞ্চলগুলো সাইট কর্মীদের নিয়মিত পরিদর্শন করতে হবে।

পরিবেশগত প্রভাব

লাইসেন্স মেনে চলা নিশ্চিত করার জন্য EGLE-র বিপজ্জনক বর্জ্য সংক্রান্ত কর্মীরা বছরে কমপক্ষে চারবার USE-DS-এর কার্যক্রম পরিদর্শন করেন।

ভূগর্ভস্থ পানির উপর নজরদারি কর্মসূচি থেকে অব্যাহতি

13 ডিসেম্বর 2003 তারিখে লাইসেন্স নবায়নের সময় USE-DS-কে ভূগর্ভস্থ পানির উপর নজরদারির রুটিন কর্মসূচি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সাইটের অবস্থার বিদ্যমান ভূতত্ব ও হাইড্রোজিওলজিক্যাল তথ্যের পাশাপাশি সাইটের অবস্থান, নকশা ও কার্যক্রমের উপর ভিত্তি করে এই অব্যাহতি দেওয়া হয়েছে। ভূগর্ভস্থ পানির উপর নজরদারি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে কারণ EGLE সিদ্ধান্ত উপনীত হয়েছে যে সাইটের অবস্থার ফলে সাইটে নিঃসৃত হওয়া দূষণ সৃষ্টিকারী পদার্থ সবচেয়ে উপরের ভূগর্ভস্থ পানির স্তরে পৌঁছাবে না। এই অব্যাহতি EGLE-কে সাইটের জায়গায় স্বাধীনভাবে ভূগর্ভস্থ পানির নমুনা সংগ্রহ করা থেকে বিরত রাখবে না।

মাটি তদারকির কর্মসূচি থেকে অব্যাহতি

13 ডিসেম্বর 2003 তারিখে লাইসেন্স নবায়নের সময় USE-DS-কে মাটি তদারকির রুটিন কর্মসূচি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। সাইটের যেসব জায়গায় বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা করা হয় তার সবখানে ঢালাই করা আছে এবং দ্বিতীয় ধাপে নিয়ন্ত্রণের ব্যবস্থা রয়েছে। এই অব্যাহতি EGLE-কে সাইটের জায়গায় স্বাধীনভাবে মাটির নমুনা সংগ্রহ করা থেকে বিরত রাখবে না।

পারিপার্শ্বিক বায়ু তদারকি

USE-DS লাইসেন্সে অন্তর্ভুক্ত একটি অনুমোদিত পারিপার্শ্বিক বায়ু তদারকি কর্মসূচির মাধ্যমে বিভিন্ন দূষণ সৃষ্টিকারী পদার্থের উপস্থিতির জন্য সাইটের পারিপার্শ্বিক বায়ু তদারকি সম্পন্ন করে। USE-DS তাদের বায়ু তদারকি কর্মসূচির ফলাফল মাসিক ভিত্তিতে EGLE-র ম্যাটেরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশন এবং এয়ার কোয়ালিটি ডিভিশনের কর্মীদের দ্বারা পর্যালোচনার জন্য EGLE-র কাছে জমা দেয়। অধিকন্তু, USE-DS-এর কাছে EGLE-র এয়ার কোয়ালিটি ডিভিশন কর্তৃক ইস্যুকৃত একটি পৃথক পারমিট আছে যেখানে সাইটে বায়ুতে নির্গমন নিষিদ্ধ করা আছে। এছাড়া সম্প্রতি USE-DS সাইটের বাইরের অঞ্চলগুলোতে সাইট থেকে আসা দুর্গন্ধ কমানো বা দূর করার জন্য EGLE-র সঙ্গে একটি প্রশাসনিক সম্মতি আদেশে অংশ নিয়েছে।

নির্গত বর্জ্য তদারকি

GLWA কর্তৃক ইস্যুকৃত বর্জ্যযুক্ত পানি নির্গমনের পারমিট অনুযায়ী বিপজ্জনক বর্জ্যযুক্ত পানিকে GLWA এর নর্দমা ব্যবস্থায় নির্গত করা আগে USE-DS সাইটে সেগুলোর ব্যবস্থাপনা করে। USE-DS নির্গত বর্জ্য তদারকি এজন্য সম্পন্ন করে যেন এটি বর্জ্যযুক্ত পানি নির্গমনের পারমিটের মানদণ্ডগুলো মেনে চলতে পারে। এছাড়া GLWA ও USE-DS-এর বর্জ্যযুক্ত পানি নির্গমন নিরীক্ষণের জন্য নিজস্ব নমুনা সংগ্রহ করে থাকে। USE-DS-এর বর্জ্যযুক্ত পানি সংক্রান্ত কমপ্লায়েন্সের ইতিহাস দেখানোর জন্য EGLE একটি স্কোরকার্ড প্রস্তুত করেছে যা Michigan.gov/USEcologyDetroitSouth ঠিকানায় পাওয়া যাবে।

জনসাধারণের সম্পৃক্ততা

জনসাধারণের সম্পৃক্ততার উদ্দেশ্য হলো প্রস্তাবিত EGLE কার্যক্রমের আগ্রহ থাকা ব্যক্তিরা প্রস্তাবিত কার্যক্রম সম্পর্কে সচেতন আছেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হওয়ার আগে EGLE-র পর্যালোচনাধীন সিদ্ধান্তের ক্ষেত্রে মতামত প্রদানের সুযোগ পাচ্ছেন তা নিশ্চিত করা।

জনসাধারণকে আবেদন পর্যালোচনা প্রক্রিয়া চলাকালীন EGLE-র সঙ্গে সম্পৃক্ত হতে উৎসাহিত করা হচ্ছে। মতামত প্রদানের সুযোগ দিতে, EGLE যোগাযোগ বৃদ্ধির জন্য নিম্নলিখিত প্রকাশ্য সভাগুলো আয়োজন করতে প্রতিশ্রুতিবদ্ধ:

- ***প্রশাসনিক পূর্ণাঙ্গতা বিষয়ক তথ্য প্রকাশের সভা (তারিখ: ১০ ডিসেম্বর, ২০২০)*** / এই সভাটি কমিউনিটির সদস্যদের প্রশ্ন জিজ্ঞেস করা এবং আবেদন ও EGLE-র পর্যালোচনা প্রক্রিয়া সম্পর্কে জানার সুযোগ দেয়ার জন্য আয়োজিত হবে।

- ***প্রযুক্তিগত পর্যাপ্ততা বিষয়ক তথ্য প্রকাশের সভা (তারিখ: ঘোষণা করা হবে)*** / আবেদনটি বিপজ্জনক বর্জ্য সংক্রান্ত বিধিমালার অধীন সকল নকশা ও কার্যক্রম সংক্রান্ত মানদণ্ড পূরণ করেছে EGLE কর্তৃক এটি নিরূপণ হওয়ার পর এই সভার সময় নির্ধারণ করা হবে। এই সভাটি কমিউনিটির সদস্যদের আবেদন, EGLE-র পর্যালোচনা প্রক্রিয়া, এবং নিরূপণের জন্য বিবেচ্য ফ্যাক্টরগুলো সম্পর্কে অধিকতর প্রশ্ন জিজ্ঞাসা করার এবং জানার সুযোগ দিবে।

- ***আনুষ্ঠানিক প্রকাশ্য শুনানি (তারিখ: ঘোষণা করা হবে)*** / EGLE কর্তৃক আবেদন সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে EGLE কমিউনিটির কাছ থেকে আনুষ্ঠানিকভাবে মন্তব্য গ্রহণের জন্য একটি প্রকাশ্য শুনানির আয়োজন করবে। আনুষ্ঠানিকভাবে জনসাধারণের মন্তব্য জমা দেয়ার সময়কালের মধ্যে জমাকৃত মন্তব্যগুলোর সঙ্গে সঙ্গে এই মন্তব্যগুলো বিবেচনা করা হবে। আবেদনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে গেলে EGLE মন্তব্যগুলোর একটি আনুষ্ঠানিক লিখিত জবাব জারি করবে।

আপনাকে অবগত রাখার ক্ষেত্রে কোন উপায় সবচেয়ে ভালো কাজ করে এবং কোন মূল বিশদগুলো গুরুত্বপূর্ণ সে সম্পর্কে EGLE আপনার বক্তব্য জানতে আগ্রহী। EGLE আরও জানতে ইচ্ছুক যে *সভায় অংশগ্রহণের জন্য বাড়তি কোনো* আবাসনের ব্যবস্থা করার প্রয়োজন আছে কিনা।

যোগাযোগ রক্ষা

যোগাযোগ রক্ষা

সাইটের সুনির্দিষ্ট কর্মকাণ্ড ও লাইসেন্স সম্পর্কে EGLE-র কাছ থেকে হালনাগাদ তথ্য পাওয়ার জন্য EGLE সাইটের একটি সদস্য তালিকার ব্যবস্থা রেখেছে। অনুগ্রহ করে Michigan.gov/EGLEConnect ঠিকানায় গিয়ে US ইকোলজি ডেট্রয়েট সাউথ বিপজ্জনক বর্জ্য ফ্যাসিলিটির ইলেক্ট্রনিক মেইল তালিকায় সাবস্ক্রাইব করে আমাদের সঙ্গে যোগ দিন।

কার সঙ্গে যোগাযোগ করবেন

আবেদন সম্পর্কে প্রশ্ন অথবা মন্তব্যের জন্য, সভার জন্য অতিরিক্ত অন্তর্ভুক্তির ব্যবস্থা চাইতে, অথবা আপনাকে অবগত রাখতে কোন উপায় সবচেয়ে ভালো কাজ করে সে সম্পর্কে মতামত জানাতে, অনুগ্রহ করে ম্যাক্স অ্যান্ড্রু বার্টাপেলের সঙ্গে যোগাযোগ করুন BertapelleA1@Michigan.gov ঠিকানায় অথবা 517-290-3813 নম্বরে। ফ্যাসিলিটির বিপজ্জনক বর্জ্য ব্যবস্থাপনা তদারকি সংক্রান্ত প্রশ্ন বা মন্তব্য জানাতে, অনুগ্রহ করে মি. জিম ডে'র সঙ্গে যোগাযোগ করুন DayJ@michigan.gov ঠিকানায় অথবা 586-494-5093 নম্বরে।

অভিযোগ

আপনার পর্যবেক্ষণ এবং উদ্বেগজনক বিষয় সম্পর্কে রিপোর্ট করার মাধ্যমে আপনি EGLE-কে মানুষের স্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষায় সাহায্য করতে মূল্যবান ভূমিকা পালন করেন। অযথাযথ বর্জ্য ব্যবস্থাপনা অথবা নির্গমন সম্পর্কে অভিযোগ জানাতে অথবা বিস্তারিত তথ্য দিতে EGLE-র সঙ্গে যোগাযোগ করুন দূষণ সংক্রান্ত জরুরি অবস্থার সতর্কীকরণ ব্যবস্থা (PEAS) হটলাইনে 800-292-4706 নম্বরে।

আরও তথ্য খোঁজা

ওয়েব রিসোর্সসমূহ

সাইট, আবেদন, এবং EGLE-র কমপ্লায়েন্স তদারকি সংক্রান্ত খুঁজে বের করা খুব সহজ। শুধু Michigan.gov/USEcologyDetroitSouth ঠিকানায় যান, এবং আপনি এই তথ্যগুলো পেয়ে যাবেন।

প্রাপ্য তথ্যের অবস্থান

EGLE-র ল্যান্সিং ডিস্ট্রিক্ট অফিসে সরাসরি উপস্থিত হয়ে লাইসেন্সের প্রশাসনিক রেকর্ড পর্যালোচনা করতে, *অনুগ্রহ করে মিস ভিকি টেরির সঙ্গে যোগাযোগ করুন TerryV2@Michigan.gov ঠিকানায় অথবা 517-284-6546 নম্বরে। EGLE-র ওয়ারেন ডিস্ট্রিক্ট অফিসে সরাসরি উপস্থিত হয়ে আবেদনটি পর্যালোচনা করতে, অনুগ্রহ করে মিস জেনিফার ব্লক এর সঙ্গে সঙ্গে যোগাযোগ করুন BlockJ4@Michigan.gov ঠিকানায় অথবা 586-753-3833 নম্বরে।*